

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
www.ntrca.gov.bd

**প্রতিষ্ঠান প্রধান, সহকারী প্রধান নিয়োগ সুপারিশের কার্যক্রম সম্পর্কিত সর্বশেষ গৃহীত ব্যবস্থা।**

- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ৬ অক্টোবর ২০২৫ তারিখের ৩৭.০০.০০০০.০০০.০৭২.৪৪.০০০২.২৫ .২৮ সংখ্যক স্মারকমূলের অফিস আদেশ এ “বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান/সহকারী প্রধান (অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সুপার, ও সহকারী সুপার)-এর নিয়োগ সুপারিশ কার্যক্রম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর মাধ্যমে করা হবে মর্মে সরকার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- ০৮ অক্টোবর ২০২৫ তারিখে ১৫ সদস্যবিশিষ্ট কমিটির সমন্বয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার ৩নং আলোচ্যসূচীর সিদ্ধান্ত ছিল: বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান/সহকারী প্রধান (অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সুপার, ও সহকারী সুপার) এর নিয়োগের নিমিত্ত একটি পরিপত্র জারি করতে হবে।
- ২২ ডিসেম্বর ২০২৫ তারিখে এনটিআরসিএ কার্যালয়ে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান/সহকারী প্রধান (অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সুপার, ও সহকারী সুপার) এর নিয়োগের খসড়া পরিপত্র প্রণয়ন বিষয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়।
- ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান/সহকারী প্রধান (অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সুপার, ও সহকারী সুপার) এর নিয়োগের বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়।
- উক্ত সভার নির্দেশনা অনুসারে ০৮ জানুয়ারি ২০২৬ তারিখে **শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান পদে নিয়োগ সুপারিশের জন্য অনুসরণীয় পদ্ধতির** খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়, আইন মন্ত্রণালয়, অধিদপ্তরসমূহ, এনটিআরসিএ, জাতীয় বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়-এর প্রতিনিধি, বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের উপস্থিতিতে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এ এক কর্মশালা আয়োজন করা হয়। **উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মহোদয়।**
- ০৮ জানুয়ারি ২০২৬ তারিখের কর্মশালার সুপারিশের আলোকে **শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান পদে নিয়োগ সুপারিশের জন্য অনুসরণীয় পদ্ধতির** খসড়া চূড়ান্ত করা হয়।
- **শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান পদে নিয়োগ সুপারিশের জন্য অনুসরণীয় পদ্ধতির** চূড়ান্ত খসড়া **পরিপত্র** আকারে প্রকাশ করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে।
- ১২ জানুয়ারি ২০২৬ তারিখে সিলেবাস প্রণয়ন ও হালনাগাদকরণ সংক্রান্ত বিশেষজ্ঞ কমিটি **শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান পদে বাছাই** পরীক্ষা গ্রহণের জন্য সিলেবাস প্রণয়নের লক্ষ্যে সভা করেন।